The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 923 | 22 May 2026 | শুক্রবার ০৮ জ্যৈষ্ঠ ১৪৩২



NYC residents to oppose mayor's 'communist agenda'
→ Page 25

8 Billion Dollar Casino at Citi Field Queens
→ Page 24






Hochul's pro-housing push sees meager pick up in NYC suburbs
→ Page 24

Trump drops $10B lawsuit against IRS over leaked tax returns
→ Page 25






## যুক্তরাষ্ট্রে ঈদ বুধবার

### নিউইয়র্কে ঈদ জামাত কখন কোথায় হবে

আজকাল রিপোর্ট

উত্তর আমেরিকায় আগামী ২৭ মে বুধবার পবিত্র ঈদুল আজহা উদযাপিত হবে। ঈদের আগের দিন ২৬ মে সৌদি আরবে পবিত্র হজ্ব অনুষ্ঠিত হবে। এরপর ২০ পৃষ্ঠায়

## সম্পাদকের ঈদ শুভেচ্ছা

আজকাল রিপোর্ট

বছর ঘুরে আবারো ঘরে ঘরে মহান রাব্বুল আল-আমিনের নামে পবিত্র কোরবানীর প্রস্তুতি চলছে। ঈদুল আজহার পবিত্র এই দিনে সবাইকে জানাই ঈদ মোবারক। জনপ্রিয় পত্রিকা সাপ্তাহিক এরপর ২০ পৃষ্ঠায়

# রামিসা ধর্ষণ ও হত্যায় তোলপাড় বাংলাদেশ

## দ্রুত বিচারের আশ্বাস প্রধানমন্ত্রীর

মাসুদ করিম, *ঢাকা থেকে*



ঢাকার মিরপুরের পল্লবীতে আট বছরের শিশু রামিসা আক্তারকে তাদের পাশের বাসায় আটকে রেখে ধর্ষণের পর নৃশংসভাবে হত্যার ঘটনায় পুরো দেশে তোলপাড় চলছে। আদালতে দোষ স্বীকার করে আসামী রানা জানায়, দেড় মাস আগে নাটোর কারাগার থেকে জামিন পেয়ে স্ত্রীকে নিয়ে ঢাকায় রামিসাদের পাশের বাসায় এসে উঠে। জেলখাটা এই অপরাধি রামিসাকে ধর্ষণ ও নির্মমভাবে মাথা কেটে হত্যার ঘটনায় সাধারণ মানুষ বিক্ষোভে ফেটে পড়ছে। থানা ঘেরাও, চলছে প্রতিবাদ, বিক্ষোভ, মশাল মিছিল। সারাদেশে এই নৃশংসতায় তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। পরিস্থিতির গুরুত্ব অনুধাবন করে প্রধানমন্ত্রী তারেক রহমান বৃহস্পতিবার পল্লবীতে নিহত রামিসার বাসায় যান। তিনি শিশুটির বাবা-মা এবং বড় বোনকে সান্ত্বনা দেন। প্রধানমন্ত্রী এ সময় বলেন, 'এই মুহূর্তে প্রধান কাজ হলো বিচার নিশ্চিত করা'। এ সময় উপস্থিত স্বরাষ্ট্রমন্ত্রী সালাহ উদ্দিন আহমেদ বলেন, '২৪ ঘন্টার মধ্যে এই ঘটনার চার্জশিট হবে'। পল্লবীর ১১ নম্বর সেকশনের বি-ব্লকের মিল্লাত ক্যাম্প সংলগ্ন একটি ভবনে এরপর ২০ পৃষ্ঠায়



## ব্রঙ্কসে নতুন প্রিসিংক্ট উদ্বোধন করলেন মামদানি

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে আইন শৃঙ্খলা পরিস্থিতি আরও জোরদার করার লক্ষ্যে ব্রঙ্কসে নতুন একটি প্রিসেন্ট উদ্বোধন করা হয়েছে। এ উপলক্ষ্যে ব্রঙ্কসে সাবেক ৪০ নম্বর প্রিসেন্ট ভবনে নতুন 'প্যাট্রোল বারো সাউথ' বেস এর উদ্বোধন করলেন মেয়র জোহরান মামদানী। এটি নিউইয়র্কের ২৫৭ আলেকজান্ডার এভি ব্রঙ্কস একটি নতুন পুলিশ প্রিসেন্ট। উদ্বোধন অনুষ্ঠানে নিউ ইয়র্ক সিটি মেয়র মামদানী উপস্থিত হয়ে বক্তব্য রাখেন। এ সময় মেয়রের অফিসের সিনিয়র কর্তকর্মা, বিভিন্ন কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিগণ আমন্ত্রিত হয়েছিলেন। বাংলাদেশি কমিউনিটির বিশিষ্ট এরপর ৩০ পৃষ্ঠায়

## নিহত রামিসার বড় বোনের দায়িত্ব নিলেন প্রধানমন্ত্রী



আজকাল রিপোর্ট

ঢাকার পল্লবীতে পাশের ফ্লাটে নৃশংস হত্যাকাণ্ডের শিকার ৮ বছরের শিশু রামিসার বড় বোনের দায়িত্ব নিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। গতকাল বৃহস্পতিবার রাতে পল্লবীতে শিশুটির পরিবারের সঙ্গে দেখা করেন প্রধানমন্ত্রী। পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলে তাদের সান্ত্বনা দেন। পাশাপাশি ঘটনার সার্বিক পরিস্থিতিও খোঁজ নেন তিনি। প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন এ তথ্য জানিয়েছেন। তিনি বলেন, প্রধানমন্ত্রীকে এরপর ২৮ পৃষ্ঠায়



## ক্যালিফোর্নিয়ায় মসজিদে বন্দুক হামলকারীসহ নিহত ৫

আজকাল রিপোর্ট

ক্যালিফোর্নিয়ার সান ডিয়েগো শহরে ইসলামিক সেন্টার অব সান ডিয়েগো মসজিদে বন্দুক হামলার তিনজন নিহত হয়েছেন। পরে দুই কিশোর হামলাকারী ১৭ বছর বয়সী কেইন ক্লার্ক এবং ১৮ বছর বয়সী ক্যালেব ভেলাসকেজকেও মৃত অবস্থায় পাওয়া যায়। তাতে মোট ৫ জন নিহত হয়। এরপর ৩০ পৃষ্ঠায়



## শেখ হাসিনার দেশে ফেরা না ফেরার প্রশ্নে হঠাৎ আলোচনা কেন?

আজকাল ডেস্ক

চব্বিশের গণ-অভ্যুত্থানের মুখে বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশ ছেড়ে যাওয়ার পর বিভিন্ন সময় তার রাজনীতিতে ফেরা না ফেরার প্রশ্ন আলোচনায় এসেছে। সম্প্রতি ভারতীয় একটি গণমাধ্যমে শিগগিরই দেশে ফিরবেন বলে শেখ হাসিনার যে বক্তব্য প্রকাশ হয়েছে, তাতে এরপর ৩৬ পৃষ্ঠায়

## রাজনৈতিক বংশতন্ত্রের বিরুদ্ধে লড়ছেন শামসুল হক



আজকাল রিপোর্ট

বাংলাদেশি বংশোদ্ভূত শামসুল হক এমন এক রাজনৈতিকভাবে সুবিধাপ্রাপ্ত প্রার্থীর বিরুদ্ধে নির্বাচনে লড়ছেন, যিনি কুইন্স ডেমোক্রেটিক পার্টির নেতা ও সাবেক প্রভাবশালী কংগ্রেসম্যান জোসেফ ক্রাউলির নেফিউ এবং নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের দীর্ঘদিনের চিফ অফ স্টাফ র‍্যামন মার্টিনেজের ছেলে। বাংলাদেশি আমেরিকান শামসুল হক এরপর ৩৯ পৃষ্ঠায়

## মন্ত্রী-এমপিদের বাদ দিয়ে দল গোছানোর চিন্তা বিএনপির

আজকাল রিপোর্ট

ফেব্রুয়ারির ত্রয়োদশ সংসদ নির্বাচনের মধ্য দিয়ে দীর্ঘ দুই দশক পর রাষ্ট্রক্ষমতায় ফিরেছে বিএনপি। এবারের পথচলায় অনেক সতর্ক দলটি। এরপর ২০ পৃষ্ঠায়

Computer Support/Job?
ডাটা রিকভারি, নেটওয়ার্কিং, AI সফটওয়্যার
ট্যাক্স কোর্স ও কম্পিউটারের চাকুরী
২৫ বছরের অভিজ্ঞ প্রফেশনালদের পরামর্শ ও সহায়তা নিন।
(929) 665 2500
Tired of Driving? Get office Job

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদানে $8000-$10000
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge-Offs ▪ Inquiries ▪ Collections ▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস ও মেডিকেল ম্যালপ্র্যাক্টিস
বিনামুল্যে পরামর্শ
এটর্নি বাসায় ও হাসপাতালে নিয়ে যাবে
Call : +1(866) 664 6529
For appointments only


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
elderplan
Anthem
Hamaspik
RiverSpring Living
MetroPlus Health
SWH
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
Design by: ihopeprint.com, 929-536-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

NYI
NY INSURANCE BROKERAGE

# NY INSURANCE BROKERAGE INC

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903



**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

# পোশাক বদলেই কি সব সন্তুষ্টি?

> এই পরিবর্তন স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে জনআস্থা বৃদ্ধিতে এক নবযাত্রার সূচনার প্রয়াস। পুলিশ বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণ স্বভাবতই সরকারের হাতে। সরকার এই হাতেই আবার জনগণের সেবা নিশ্চিত করে। আর সরকার যখন তার হাতকে কোনো রাজনৈতিক এজেন্ডা বাস্তবায়নের হাত হিসেবে পুলিশকে ব্যবহারের প্রচেষ্টা চালায় অথবা ক্ষমতাকে জোরপূর্বক দীর্ঘস্থায়ী করার মন্ত্রপাঠে সোচ্চার হয়, তখন পুলিশকে তার দায়িত্বে ও কর্মে নিরপেক্ষতা বজায় রাখার কঠিন প্রশ্নের সম্মুখীন হতে হয়। আর এই প্রশ্নের মুখে পুলিশের কোনো সদস্য তার পেশাদারিত্ব বিকিয়ে দিলে তিনি এক সরকারের মেয়াদে থাকেন বহাল তবিয়তে, আর অন্য সরকারের মেয়াদে কপাল পুড়ে যেতে হয় বাধ্যতামূলক অবসরে। পেশাদারিত্ব বজায় রাখলে আইনপ্রয়োগের চেয়ে 'নির্দেশ পালন' কখনো গুরুত্ব পায় না

বদরুল হুদা সোহেল



উনিশ শতকের মার্কিন লেখক Mark Twain এর একটি মজার উপন্যাস রয়েছে। নাম 'The Prince and the Pauper'। উপন্যাসের ঘটনায় ইংল্যান্ডের যুবরাজ এডওয়ার্ডের সঙ্গে টম নামের এক দরিদ্র ছেলের পরিচয় হয়। দু'জনের চেহারায় এতটাই মিল ছিল যে তারা নিজেরাই একে অপরকে দেখে চমকে যায়। মজা করতে গিয়ে তারা তাদের পোশাক বদল করে ফেলে। আর তাতেই ঘটে সব বিপত্তি। রাজপোশাক পরা টমকে কুর্নিশ করে রাজপ্রাসাদে নিয়ে যাওয়া হয়।
অন্যদিকে জীর্ণ পোশাক পরা প্রকৃত যুবরাজকে ফকির ভেবে বের করে দেয়া হয় প্রাসাদ থেকে। লেখক মূলত হাস্যরসের মাধ্যমে বিষয়টি দেখিয়েছিলেন যে, মানুষ অনেক সময় চেহারা-চরিত্রের চেয়ে পোশাককেই বেশি গুরুত্ব দেয়। এডওয়ার্ড আর টমের পোশাক বদলের কথা মাথায় আসলো পুলিশের পোশাক কের পরিবর্তনের খবরের সূত্র ধরে। সম্প্রতি এ নিয়ে কথা বলেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। বলেছেন, পোশাকের ওপরের অংশ আগে যা ছিল 'নেভি-ব্লু শার্ট', তাই থাকছে। সঙ্গে খাকি প্যান্ট দেয়া হয়েছে।
পুলিশ বাহিনীর আবেদনের পরিপ্রেক্ষিতে পোশাকে পরিবর্তন আনার বিষয়টি বিবেচনা করা হয়েছে বলে জানান তিনি। কিন্তু প্রশ্ন হচ্ছে- পোশাকের এই পরিবর্তনে পুলিশ সদস্যদের মতামতের জরিপের ফলাফল কি প্রতিফলিত হয়েছে? পোশাক পছন্দ নিয়ে স্বয়ং পুলিশ বাহিনী সদস্যদের মাঝে গত মাসে এক জরিপ চালিয়েছে।
জরিপ দেখিয়েছে যে অন্তর্বর্তী সরকারের সময় পুলিশের জন্য যে পোশাক নির্ধারণ করা হয়েছিল তা পরতে আগ্রহী মাত্র ০.৮৪ শতাংশ পুলিশ সদস্য। আগের পোশাকে থাকতে চায় ৯৬.৫৭ শতাংশ পুলিশ সদস্য। একেবারে নতুন পোশাক চায় মাত্র ২.৫৯ শতাংশ পুলিশ। আগের সময়ে জেলা পুলিশের গাঢ় নীল রঙের শার্ট ও প্যান্ট ছিল।
এতে যদি ৯৬.৫৭ শতাংশ পুলিশের পছন্দ থাকে, তাহলে জরিপের ফলাফল পুলিশের পোশাক পরিবর্তনে পুরোপুরি প্রভাব ফেলতে পারেনি বলেই প্রতীয়মান হচ্ছে। নতুন সরকার দায়িত্ব গ্রহণের পর পুলিশের পোশাক পরিবর্তন নিয়ে পুলিশ বিভাগে যে দাবি জোরালো হয়, নতুন সিদ্ধান্তে সাময়িক স্বস্তি মনে হলেও প্যান্ট-প্রশ্নে ভবিষ্যতে শঙ্কা থেকেই যায়।
পুলিশের পোশাক নিছক কোনো পরিধেয় বস্ত্র নয়, এটি রাষ্ট্রের কর্তৃত্ব, শৃঙ্খলা ও দায়িত্বশীলতার প্রতীক। এই পোশাক অপরাধীর জন্য যেমন ভয় আর আতঙ্কের, নিরপরাধীর জন্য তেমনি অভয় আর স্বস্তির। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কোনো একটি নির্দিষ্ট পোশাক চোর-সাধুর ওপর প্রভাব ফেললেও পোশাকের রঙের তারতম্য তাদের মনে তেমন প্রভাব ফেলে না। তাহলে কেন বারবার এই পোশাকে পরিবর্তন? যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, এমনকি আমাদের পার্শ্ববর্তী দেশ ভারতেও বিভিন্ন সময়ে পুলিশের পোশাকে পরিবর্তন আনা হয়েছে।
মূলত আধুনিক পরিবেশের সঙ্গে খাপ খাওয়ানোর তাগিদে, আবহাওয়ার সঙ্গে উপযোগী করতে কিংবা মাঠপর্যায়ে কাজের উপযোগী করতে পোশাকে বা রঙে পরিবর্তন আনা প্রয়োজন হয়েছে। নিরাপত্তা সরঞ্জাম বহনের উপযোগিতাও এই কারণের মধ্যে ছিল। কিছু দেশে পুলিশের প্রতি জনগণের আস্থা ও বন্ধুসুলভ ভাবমূর্তি গড়ে তোলার বিষয়ও গুরুত্ব পেয়েছে। আমাদের দেশেও ২০০৪, ২০০৯ ও সর্বশেষ ২০২৫ সালে পুলিশের পোশাকে কম-বেশি পরিবর্তন আনা হয়।
২০০৪ সালে বিএনপি সরকার ক্ষমতায় থাকাকালীন ইউনিফর্মের রং ও নকশায় বড় পরিবর্তন আনা হয়। তখন বাহিনীকে আধুনিক ও পেশাদার রূপ দেয়ার গুরুত্ব আলোচিত হয় সকল মহল থেকে। পরবর্তীতে ২০০৯ ও ২০২৫ সালের পোশাক পরিবর্তনের হাওয়া আসে এক একটি নতুন সরকার আগমনের ওপর ভর করে।
২০০৯ সালে পোশাকে আংশিক পরিবর্তন আসার পর কেটে যায় দীর্ঘ ষোলোটি বছর। রাজনৈতিক পট পরিবর্তন ও পুলিশ সংস্কারের আলোচনার প্রেক্ষাপটে গত বছর নতুন লোগো ও ইউনিফর্ম চালুর উদ্যোগ নেয় অন্তর্বর্তী সরকার। এর লক্ষ্য ছিল পুলিশ বিভাগের ভাবমূর্তি পুনর্গঠন ও পুলিশকে আরও জনবান্ধব হিসেবে সমাজে প্রতিষ্ঠা করা।
২০২৫ সালে অন্তর্বর্তী সরকারের আমলে পোশাক পরিবর্তনে পুলিশের মতামত উপেক্ষিত থেকেছে বলে পুলিশের পক্ষ থেকে বারবার অভিযোগ উত্থাপিত হয়। বিএনপি সরকার ক্ষমতায় আসার পর থেকে পুলিশ সদস্যরা তাদের পোশাক পরিবর্তনের দিকে বারবার সরকারের মনোযোগ আকর্ষণের চেষ্টা করে।
সরকার প্রথমে বিষয়টি আমলে না নিলেও শেষমেশ পরিবর্তনে সায় দেয়। তবে যেহেতু খাকি রঙের প্যান্ট অন্তর্ভুক্তি নিয়ে পুলিশ সদস্যদের মতামতের জরিপে কোনো আগ্রহ দেখা যায়নি, তাহলে ভবিষ্যতে পুলিশ বিভাগে এ নিয়ে আবারো যে অভিযোগ উঠবে না তার নিশ্চয়তা কী? পোশাক পরিবর্তন শুধু ইচ্ছার ব্যাপার নয়, অর্থের বিষয়ও এখানে জড়িত। অন্তর্বর্তী সরকারের এরপর ৪০ পৃষ্ঠায়






# এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES

## Toll Free: 1-866-MOIN-LAW
## Cell: 917-282-9256
**(To schedule appointment only)**



Michael Taub, Esq.



Moin Choudhury, Esq.

**এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস**

## বিনামূল্যে পরামর্শ

**প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন**

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দূর্ঘটনা


**IMMIGRATION**
(Consultation fee applies)








## ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি



Attorney
Michigan Only.




Attorney
Michigan Only.



Attorney
New Jersey Only



Attorney, Buffalo
New York Only



Attorney
Connecticut Only



Attorney
Pennsylvania Only


## WWW.MOINLAW.COM

Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States. Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

# শেখ হাসিনার শাসনামলে সংবাদমাধ্যমের কণ্ঠরোধ ও সাংবাদিক নিপীড়ন

> তখন এটি অত্যন্ত স্পষ্ট হয়ে ওঠে যে শেখ হাসিনার সরকার কেবল রাজনৈতিক অধিকারই হরণ করেনি, দেশের মানুষের জানার অধিকার এবং সত্য প্রকাশের স্বাধীনতাকেও পুরোপুরি শিকলবদ্ধ করে রেখেছিল। অতীতের সেই বিভীষিকাময় অধ্যায় আজকের এবং আগামী দিনের গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার জন্য বড় শিক্ষা, যাতে ভবিষ্যতে আর কোনো স্বৈরাচারী শাসক সংবাদমাধ্যমের স্বাধীনতার ওপর এমন নির্মম ও পদ্ধতিগত আক্রমণ চালানোর দুঃসাহস দেখাতে না পারে। লেখায় অনেকের নাম আসেনি। কত শত সাংবাদিককে যে অত্যাচারের মুখোমুখি হতে হয়েছে তার হিসেব নেই । কেবলমাত্র তৎকালীন অবস্থাকে তুলে ধরার জন্য কয়েকজনের নাম উদাহরণ হিসাবে উল্লেখ করেছি। কিছু ঘটনাকে সামনে এনে পরিস্থিতির কোন পর্যায়ে ছিলো সেটির ধারণা দিয়েছি। আমার এই সীমাবদ্ধতার জন্য আগাম ক্ষমা প্রার্থী

আবু জুবায়ের



আজকের ২০২৬ সালের বাংলাদেশের রাজনৈতিক প্রেক্ষাপটে দাঁড়িয়ে যখন আমরা অতীতের দিকে তাকাই, তখন শাসনতান্ত্রিক ইতিহাসের এক বিশাল পালাবদল আমাদের চোখে পড়ে। ২০২৪ সালের ৫ আগস্ট ছাত্র-জনতার এক ঐতিহাসিক ও রক্তক্ষয়ী গণ-অভ্যুত্থানের মধ্য দিয়ে দীর্ঘ ১৫ বছরের স্বৈরাচারী শেখ হাসিনা সরকারের চূড়ান্ত পতন ঘটে। এরপর ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকার একটি নির্দিষ্ট সময় পর্যন্ত রাষ্ট্রের ক্রান্তিকালীন দায়িত্ব পালন করে। সেই অন্তর্বর্তীকালীন পর্বের সমাপ্তির পর জনগণের ভোটাধিকার ও ম্যান্ডেট নিয়ে বর্তমানে তারেক রহমানের নেতৃত্বাধীন সরকার রাষ্ট্র ক্ষমতায় অধিষ্ঠিত রয়েছে। কিন্তু আজকের এই পরিবর্তিত ও গণতান্ত্রিক পরিবেশের স্বাধীনতায় শ্বাস নেওয়ার আগে, দেশের সাংবাদিক সমাজকে শেখ হাসিনা সরকারের দীর্ঘ দেড় দশকে যে ভয়াবহ, বিভীষিকাময় ও দমবন্ধ করা পরিস্থিতি পার করতে হয়েছে, তা স্বাধীন বাংলাদেশের ইতিহাসে এক নজিরবিহীন কালো অধ্যায় হিসেবে চিহ্নিত হয়ে থাকবে। একটি কার্যকর গণতান্ত্রিক রাষ্ট্রে সংবাদমাধ্যম ক্ষমতার জবাবদিহিতা নিশ্চিতকরণে 'চতুর্থ স্তম্ভ' হিসেবে অপরিহার্য ভূমিকা পালন করে। কিন্তু ২০০৯ সাল থেকে ২০২৪ সালের আগস্ট পর্যন্ত শেখ হাসিনার শাসনামলে সাংবাদিকতা এবং সংবাদমাধ্যমের স্বাধীনতার ধারণাটিকে সুপরিকল্পিতভাবে পদদলিত করা হয়েছিল। এই দীর্ঘ সময়ে দৃশ্যত দেশে টেলিভিশন চ্যানেল ও পত্রিকার সংখ্যা বৃদ্ধি পেয়ে একটি 'মিডিয়া বুম' বা সম্প্রসারণের মায়াজাল তৈরি হলেও, প্রকৃত সাংবাদিকতা ক্রমশ সংকুচিত হয়ে সরকারের জনসংযোগ হাতিয়ারে পরিণত হতে বাধ্য হয়েছিল।

শেখ হাসিনার সরকারের আমলে বাংলাদেশের গণমাধ্যমের স্বাধীনতার যে চরম অবনতি ঘটেছিল, তার সবচেয়ে বড় ও বস্তুনিষ্ঠ প্রমাণ হলো প্যারিস-ভিত্তিক আন্তর্জাতিক সংস্থা 'রিপোর্টার্স উইদাউট বর্ডার্স' এর প্রকাশিত বিশ্ব মুক্ত



গণমাধ্যম সূচক। ২০০৯ সালে যখন আওয়ামী লীগ ক্ষমতা গ্রহণ করে, তখন ১৮০টি দেশের মধ্যে এই সূচকে বাংলাদেশের অবস্থান ছিল ১২১তম । কিন্তু সরকারের লাগামহীন দমন-পীড়ন এবং ভয়ের সংস্কৃতির কারণে এই সূচকে বাংলাদেশের ধারাবাহিক ও লজ্জাজনক পতন ঘটতে থাকে। সূচকের তথ্য অনুযায়ী, ২০২১ সালে বাংলাদেশ ১৫২তম অবস্থানে নেমে আসে । ২০২২ সালে পরিস্থিতি আরও মারাত্মক রূপ ধারণ করে এবং এক ধাক্কায় ১০ ধাপ পিছিয়ে অবস্থান দাঁড়ায় ১৬২তম । ২০২৪ সালের সর্বশেষ প্রকাশিত সূচকে বাংলাদেশ আরও পিছিয়ে ১৬৫তম অবস্থানে পতিত হয় । মাত্র ১৫ বছরের ব্যবধানে সূচকে ৪৪ ধাপের এই ভয়াবহ পতন প্রমাণ করে যে, গণমাধ্যমের স্বাধীনতার মাপকাঠিতে বাংলাদেশ কীভাবে সুপরিকল্পিতভাবে পিছিয়ে পড়েছিল । আরএসএফ তাদের বিশ্লেষণে বিশেষভাবে উল্লেখ করেছিল যে, শেখ হাসিনার সরকার মিডিয়াকে স্বাধীন সত্তার পরিবর্তে জনসংযোগের হাতিয়ার ভাবত এবং সাংবাদিকদের স্বাধীনভাবে কাজ করার পথে সেন্সরশিপ, সাইবার হয়রানি ও রাষ্ট্রীয় গোয়েন্দা সংস্থাগুলোর সরাসরি হস্তক্ষেপের মতো পদ্ধতিগত বাধা সৃষ্টি করেছিল।

শেখ হাসিনা সরকার সংবাদমাধ্যমকে নিয়ন্ত্রণের জন্য সবচেয়ে চতুর যে কৌশলটি গ্রহণ করেছিল, তা হলো 'স্বজনতোষী পুঁজিবাদ' এর মাধ্যমে সম্প্রচার মাধ্যমের মালিকানার চরম রাজনীতিকীকরণ। ২০০৯ সালে সরকার গঠনের পরপরই আওয়ামী লীগ সরকার সুপরিকল্পিতভাবে কেবল দলীয় অনুগত এবং আশীর্বাদপুষ্ট ব্যবসায়ীদের বেসরকারি টেলিভিশন চ্যানেলের লাইসেন্স প্রদান শুরু করে। উদাহরণস্বরূপ, ২০০৯ সালের অক্টোবরে মাত্র একদিনেই ১০টি বেসরকারি টেলিভিশন চ্যানেলের লাইসেন্স প্রদান করা হয়। পরবর্তীতে ২০১০ ও ২০১১ সালে আরও বেশ কিছু দলীয় চ্যানেল অনুমোদন লাভ করে । এই রাজনৈতিক লাইসেন্সিং প্রক্রিয়ার মূল উদ্দেশ্য ছিল সমাজে ক্ষমতাসীন দলের রাজনৈতিক ও আদর্শিক আধিপত্য সুপ্রতিষ্ঠিত করা এবং জনগণের সম্মতি উৎপাদন করা । মালিকানার এই চরম রাজনীতিকীকরণের ফলে সংবাদমাধ্যমগুলো ক্রমশ সরকারের অঘোষিত মুখপাত্রে পরিণত হয় এবং নিউজরুমগুলোতে এক ধরনের 'স্ব-আরোপিত সেন্সরশিপ' প্রাতিষ্ঠানিক রূপ লাভ করে।

নিজেদের অনুগত গণমাধ্যমের প্রসার ঘটানোর পাশাপাশি শেখ হাসিনা সরকার অত্যন্ত নির্দয়ভাবে বিরোধী মতাদর্শের বা সরকারের সমালোচক গণমাধ্যমগুলোকে স্তব্ধ করে দিয়েছিল। ভিন্নমত দমনের এই প্রক্রিয়াটি শুরু হয় ২০১০ সালে, যখন পূর্ববর্তী বিএনপি-জামায়াত জোট সরকারের আমলে প্রতিষ্ঠিত স্যাটেলাইট চ্যানেল 'চ্যানেল ওয়ান'-এর সম্প্রচার জোরপূর্বক বন্ধ করে দেওয়া হয় । দীর্ঘ ১৬ বছর পর কেবল আওয়ামী লীগ সরকারের পতনের পরই চ্যানেলটি পুনরায় সম্প্রচারে ফিরতে সক্ষম হয়। সরকারের রোষানলের অন্যতম শিকার ছিল 'দৈনিক আমার দেশ' পত্রিকা। পত্রিকাটির সম্পাদক মাহমুদুর রহমানকে ২০১০ এবং ২০১৩ সালে দুই দফা গ্রেপ্তার করা হয় এবং উভয় সময়েই পত্রিকাটির প্রকাশনা বন্ধ

এরপর ৪৩ পৃষ্ঠায়

# রাজনীতি ও কূটনীতিতে নয়া মেরুকরণের আভাস

আহসান হাবিব বরুন

দক্ষিণ এশিয়ার রাজনীতি আবারও এক নতুন ভূরাজনৈতিক বাস্তবতার দিকে এগোচ্ছে। দীর্ঘদিন ধরে ভারতকেন্দ্রিক আঞ্চলিক ভারসাম্যের ভেতরে আবদ্ধ থাকা বাংলাদেশ এখন ধীরে ধীরে বহুমাত্রিক কূটনৈতিক সম্পর্কের দিকে ঝুঁকছে-এমন ধারণা ক্রমেই স্পষ্ট হচ্ছে আন্তর্জাতিক বিশ্লেষকদের কাছে।

আর সেই প্রেক্ষাপটেই পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরীফ এবং সেনাপ্রধান ফিল্ড মার্শাল আসিম মুনিরের সম্ভাব্য বাংলাদেশ সফর, প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্ভাব্য চীন সফর এবং শেখ হাসিনার সাক্ষাৎকার দক্ষিণ এশিয়ার কূটনৈতিক অঙ্গনে নতুন আলোচনার জন্ম দিয়েছে।

এই প্রেক্ষাপটে পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরীফ এবং সেনাপ্রধান আসিম মুনিরের সম্ভাব্য বাংলাদেশ সফরের খবর অত্যন্ত তাৎপর্যপূর্ণ। যদিও ইসলামাবাদ আনুষ্ঠানিকভাবে বিষয়টি নিশ্চিত করেনি, তবুও কূটনৈতিক সূত্রগুলো বলছে-ঢাকা ও ইসলামাবাদের মধ্যে সম্পর্ক পুনর্গঠনের একটি নীরব প্রক্রিয়া অনেক দূর এগিয়ে গেছে। যদি এই সফর বাস্তবায়িত হয়, তাহলে সেটি শুধু একটি কূটনৈতিক সফর হবে না; বরং দক্ষিণ এশিয়ায় নতুন কৌশলগত মেরুকরণের বার্তা আরো স্পষ্ট হয়ে উঠতে পারে।

বিশেষ করে সম্ভাব্য আলোচ্য বিষয়গুলো খুবই গুরুত্বপূর্ণ। বাণিজ্য, শিল্প সহযোগিতা, সমুদ্র যোগাযোগ, নিরাপত্তা সমন্বয়ের পাশাপাশি প্রতিরক্ষা সহযোগিতার বিষয়ও সামনে এসেছে। ড্রোন প্রযুক্তি, ক্ষেপণাস্ত্র প্রযুক্তি, সামরিক প্রশিক্ষণ এবং প্রতিরক্ষা শিল্প সহযোগিতার মতো স্পর্শকাতর বিষয়গুলো যদি আলোচনায় আসে, তাহলে তা নিঃসন্দেহে আঞ্চলিক রাজনীতিতে বড় পরিবর্তনের ইঙ্গিত বহন করতে পারে।

এদিকে একই সময়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের চীন সফরের আলোচনা এবং পদ্মা ব্যারেজ নির্মাণের ঘোষণা নতুন সমীকরণকে আরও গভীর করেছে। কারণ দক্ষিণ এশিয়ার ভূরাজনীতিতে নদী, পানি, সীমান্ত, বন্দর এবং নিরাপত্তা-সবকিছুই কৌশলগত বাস্তবতার অংশ।

ঠিক এই সময়েই ভারতের একটি প্রভাবশালী সংবাদমাধ্যমে সাক্ষাৎকার দিয়েছেন সেখানে পলাতক পতিত স্বৈরাচার শেখ হাসিনা। বলেছেন, তিনি দ্রুতই "মাথা উঁচু করে" দেশে ফিরবেন। তার এই বক্তব্য নিছক ব্যক্তিগত রাজনৈতিক উচ্চারণ, নাকি এর পেছনে বৃহত্তর কূটনৈতিক বার্তা রয়েছে-সেটিই এখন বড় প্রশ্ন। কারণ সময়টি অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

দীর্ঘদিন ধরে ভারত বিশেষ করে নরেন্দ্র মোদি সরকারের জন্য আওয়ামী লীগ ছিল একটি গুরুত্বপূর্ণ কৌশলগত অংশীদার। শেখ হাসিনার সরকারের সময় ভারত নিরাপত্তা, ট্রানজিট, সীমান্ত ব্যবস্থাপনা এবং আঞ্চলিক সংযোগে ব্যাপক সুবিধা পেয়েছে। ফলে আওয়ামী লীগের রাজনৈতিক ভবিষ্যৎ নিয়ে ভারত পুরোপুরি নির্লিপ্ত থাকবে-এমনটা বিশ্বাস করা কঠিন।

বরং প্রশ্ন উঠছে-এই মুহূর্তে শেখ হাসিনার এমন প্রত্যাবর্তনের ঘোষণা কি শুধুই তাঁর রাজনৈতিক আত্মবিশ্বাস, নাকি এটি ভারতের পক্ষ থেকেও একটি কৌশলগত সংকেত? কারণ দক্ষিণ এশিয়ার রাজনীতিতে ভারত বাংলাদেশকে শুধু প্রতিবেশী রাষ্ট্র হিসেবে দেখে না; বরং এটি ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় নিরাপত্তা, বঙ্গোপসাগরীয় কৌশল এবং আঞ্চলিক প্রভাব বিস্তারের একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র।



বিশেষ করে পশ্চিমবঙ্গের সাম্প্রতিক রাজনৈতিক বাস্তবতা নতুন মাত্রা যোগ করেছে। সীমান্তে কাঁটাতারের বেড়া জোরদার, অনুমতি ছাড়া গরু জবাই নিষিদ্ধ করার মতো সিদ্ধান্তগুলো শুধুই প্রশাসনিক নয়; বরং ধর্মীয় ও রাজনৈতিক মেরুকরণের অংশ হিসেবেও দেখা হচ্ছে। কারণ ধর্মীয় উত্তেজনা ও পরিচয়ভিত্তিক রাজনীতি বিজেপির দীর্ঘদিনের রাজনৈতিক কৌশলের গুরুত্বপূর্ণ উপাদান।

এদিকে আরেকটি গুরুত্বপূর্ণ বাস্তবতা হলো, মার্কিন যুক্তরাষ্ট্রের ভূমিকাও ক্রমেই দৃশ্যমান হয়ে উঠছে। অন্তর্বর্তী সরকারের শেষ সময়ে যে আরটিএ (জএএ) চুক্তি স্বাক্ষরিত হয়েছে, সেটি নিয়েও নানা প্রশ্ন উঠছে রাজনৈতিক ও কূটনৈতিক মহলে। অনেক পর্যবেক্ষক মনে করছেন, এই চুক্তি নিছক অর্থনৈতিক বা বাণিজ্যিক সমঝোতা নয়; বরং এটি বৃহত্তর কৌশলগত হিসাবের অংশ। কারণ বর্তমানে বঙ্গোপসাগর এবং ইন্দো-প্যাসিফিক অঞ্চল বিশ্ব রাজনীতির অন্যতম কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে।

যুক্তরাষ্ট্র, চীন, ভারত-সবাই এই অঞ্চলে নিজেদের প্রভাব নিশ্চিত করতে চাইছে। বাংলাদেশের ভৌগোলিক অবস্থান, সমুদ্রবন্দর, বঙ্গোপসাগরীয় প্রবেশাধিকার এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার সঙ্গে সংযোগের কারণে বাংলাদেশ এখন বৈশ্বিক শক্তিগুলোর কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ।

অনেক বিশ্লেষক মনে করছেন, যুক্তরাষ্ট্র বাংলাদেশকে ভবিষ্যৎ ইন্দো-প্যাসিফিক কৌশলের একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে বিবেচনা করছে। ফলে অর্থনৈতিক সহযোগিতা, নিরাপত্তা চুক্তি, বাণিজ্যিক সমঝোতা কিংবা কৌশলগত অংশীদারিত্ব-সবকিছুই এখন বৃহত্তর ভূরাজনৈতিক প্রতিযোগিতার ভেতরে বিবেচিত হচ্ছে।

অন্যদিকে চীন বাংলাদেশকে তার বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভের গুরুত্বপূর্ণ অংশ হিসেবে দেখছে। পাকিস্তানের সঙ্গে চীনের ঘনিষ্ঠ সম্পর্ক আগেই রয়েছে। এখন যদি বাংলাদেশও নতুনভাবে ইসলামাবাদ ও বেইজিংয়ের আরও কাছাকাছি যায়, তাহলে দক্ষিণ এশিয়ার কৌশলগত ভারসাম্যে বড় পরিবর্তন আসতে পারে বলেও মনে করেন কেউ কেউ।

এরপর ৪০ পৃষ্ঠায়




> পরিশেষে বলা যায়, দক্ষিণ এশিয়ার মানচিত্র বদলাচ্ছে। পুরনো জোট দুর্বল হচ্ছে, নতুন সমীকরণ তৈরি হচ্ছে। ধর্ম, সীমান্ত, বন্দর, পানি, প্রতিরক্ষা, বাণিজ্য-সবকিছু এখন ভূরাজনীতির অংশ। আর সেই পরিবর্তনের কেন্দ্রবিন্দুতে উঠে এসেছে বাংলাদেশ। এখন দেখার বিষয়-বাংলাদেশ তার ভৌগোলিক অবস্থানকে কতটা দক্ষতার সঙ্গে কাজে লাগাতে পারে, কতটা ভারসাম্যপূর্ণ কূটনৈতিক সম্পর্ক বজায় রাখতে পারে এবং কতটা দৃঢ়ভাবে জাতীয় স্বার্থ রক্ষা করতে পারে। কারণ আগামী দিনের বাংলাদেশকে শুধু অভ্যন্তরীণ রাজনীতি নয়; বরং বৈশ্বিক শক্তির নতুন মেরুকরণও গভীরভাবে প্রভাবিত করবে। সুতরাং কূটনৈতিক ভারসাম্য রক্ষা করাই হচ্ছে তারেক রহমানের নেতৃত্বাধীন বিএনপি সরকারের অন্যতম বড় চ্যালেঞ্জ

# দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



## বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯**
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত | আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES · Biman Bangladesh Airlines · American Airlines · Etihad Airways · Qatar Airways · Emirates · Kuwait Airways



## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

**বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।**



| আবু তাহের খান | কাঞ্চন | জামান রঞ্জু | কে.এম. শহিদ | মাহির | জাহাঙ্গীর | নিলয় |
|---|---|---|---|---|---|---|
| ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট |

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372


**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**




# নিউইয়র্ক বইমেলা নিয়ে রামেন্দু মজুমদারের আনন্দময় স্মৃতি



২০১৫-তে ব্রবাহুত হয়ে যোগদান, আর ২০১৮-এ আহুত হয়ে উদ্বোধন– নিউ ইয়র্কের আন্তর্জাতিক বাংলা বইমেলা ও বাংলা সংস্কৃতি উৎসবের অনন্দময় স্মৃতি হৃদয়ে লালন করছি সেই থেকে। বাংলাদেশ ও ভারতের বাইরে বাংলা বই নিয়ে বইমেলার এতো বৃহৎ আয়োজন আর কোথায়ও হয় না। আর এর কৃতিত্ব মুক্তধারা ফাউন্ডেশনের, যার চালিকাশক্তি বিশ্বজিত সাহা।

যে তিন-চারদিন বইমেলায় ছিলাম, কী যে আনন্দে কেটেছে সময়টা। উদ্বোধনী প্যারেডে বাংলাদেশের মিছিলের মতো একত্রে পথ হাঁটা– প্রতিবাদে নয়, ভিনদেশে বাংলা সাহিত্য সংস্কৃতির জয়গান গেয়ে। কতো পুরনো চেনা মানুষের সঙ্গে আবার দেখা হওয়া, নতুন নতুন প্রবাসী গুণীর সঙ্গে পরিচয়, এক সঙ্গে বসে আড্ডা, চা-কফি খাওয়া– দৃশ্যগুলো এখনও চোখের সামনে ভাসে।

দিনে দিনে বইমেলার সঙ্গে সম্প্রসারিত হয়েছে বাংলা সংস্কৃতি উৎসব, যে আয়োজনে কেবল নামী শিল্পীরা নন, প্রবাসে বেড়ে ওঠা নতুন প্রজন্মের অংশগ্রহণ আমাদের মনে আশা জাগায়। সময় ধরে একের পর এক আলোচনা বৈঠক, জাতীয় ও আন্তর্জাতিক পরিসরের গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে চিন্তার খোরাক জোগানো সেমিনার, কবি কণ্ঠে কবিতা পাঠ, আবৃত্তি– আর সঙ্গীত তো আছেই। কেবল আমেরিকার বিভিন্ন অঙ্গরাজ্য নয়, কাছাকাছি অনেক দেশ থেকে বাংলা সংস্কৃতির টানে উৎসাহীরা চলে আসে এই বইমেলায়। ওপরে বড়ো মিলনায়তন যেমন দর্শকে পূর্ণ থাকে সবসময়, নীচে বইয়ের পসরার সামনেও তেমনি নতুন নতুন বইয়ের খোঁজে পাঠকের ভীড়। কোন স্টলে নিজের বই বিক্রি হতে দেখে মজাই লাগে।

বিশ্বজিতের দুই ভাই আমার ঘনিষ্ঠ। নোয়াখালীর চৌমুহানীতে যখন আমি কলেজে পড়াতাম, তখন ওর বড়ো ভাই প্রাণজিত ছিল আমাদের আড্ডার সঙ্গী। ছোট ভাই রণজিত ছিল আমার ছাত্র। তাদের সুবাদে বাংলাদেশের অভ্যুদয়ের পর বিনোদন সাংবাদিক হিসেবে বিশ্বজিত আমার প্রিয় হয়ে ওঠে। ভাইয়ের চিকিৎসার জন্যে আমেরিকা গিয়ে কীভাবে দিনরাত প্রচণ্ড পরিশ্রম করে আমেরিকায় বাংলা বইয়ের বাজার সৃষ্টি করে নিজেও প্রতিষ্ঠিত হয়েছে– তা আমার নিজের চোখে দেখা। বিশ্বজিত নিরলসভাবে লেগে ছিল বলে নিউ ইয়র্ক বইমেলা আজকের

এরপর ১৪ পৃষ্ঠায়



# স্মৃতি-বিস্মৃতির নিউ ইয়র্ক বইমেলা



রোকেয়া হায়দার

দিনের সব কাজ শেষ করে ঘুমের দেশে যাওয়ার কথা চিন্তা করছি যখন, হঠাৎ তখন মনে পড়লো বহুদিন আগের এক গানের সুর– 'দেয়াল ঘড়িতে এখন অনেক রাত/ বাইরে এখন বৃষ্টি বৃষ্টি/ বেতারে চলেছে অনুরাগিনীর রবীন্দ্র সঙ্গীত'। কেমন যেন মন উদাস করা গানের কথা ঘুম আর আসছে না। এমন সময় ফোনের রাগিণী মৃদু সুরে বেজে উঠল; নিউ ইয়র্কের নম্বর– দিদি জেগে আছেন? একটা জরুরি কথা মানে– অনুরোধ। বলো বিশ্বজিত, এতো রাতে কি আবদার। দিদি দিলারা আপা কেমন আছেন? মনে মনে ভাবলাম কিছু খবর শুনেছে নাকি? স্বনামধন্য লেখিকা, সংবাদপাঠক 'ভয়েস অফ আমেরিকা'র সাংবাদিক আমার দীর্ঘ দিনের সহকর্মী দিলারা হাশেম কিছুটা অসুস্থ, তবে গুরুতর কিছু নয়। বললাম, কেন মোটামুটি ভালোই আছেন।

উনাকে এবারের বইমেলায় নিয়ে আসতে পারবেন? প্লিজ উনাকে এবার মেলায় আসতেই হবে বুঝলাম, 'মুক্তধারা সাহিত্য পুরস্কারের জন্য' এতো দিনে এই সম্মান অর্জন! বললাম দেখি। কথা শেষ। এই ভাবনার মাঝেই ঘুমিয়ে পড়লাম।

মাসখানেক সময় আছে। দিলারা আপার বড় মেয়ের সঙ্গে আলাপ করে, তাঁর নিউ ইয়র্ক যাওয়ার ব্যবস্থা করা হলো। কন্যা ড্রাইভ করে মাকে নিয়ে যাবে। এ হলো ২০১৯ সালের স্মৃতিকথা! আমি বরাবর একদিন আগেই চলে যাই আমার অন্যতম পছন্দের বইমেলার আয়োজনে। ফোনেই খবর পেলাম, মাকে নিয়ে পৌঁছে গেছে হোটেলে। ওখানে কিছুটা বিশ্রাম নিয়ে বইমেলায় আসবেন। কিন্তু খানিক পরই ফোন– মেলার কাছে এসে গাড়ি পার্কিংয়ের সমস্যায় পড়েছে, কী করবে এখন? আমি, বিশ্বজিত এবং বইমেলায় উপস্থিত সেলিনা হোসেন, বইমেলা কমিটির সদস্য গোলাম ফারুক ভূঁইয়া এবং আরো কয়েকজন কী করা যায় ভাবছি। আমরা তিন-চারজন হল থেকে বেরিয়ে গাড়ির কাছে চলে আসি। এরপর একেবারে গাড়ি থেকে বের করে উনাকে নিয়ে ভিতরে মঞ্চের কাছে গিয়ে দাঁড়াই। উনি মঞ্চে উঠতে পারলেন না। মাইকে ধারা বিবরণী দিয়ে সবাই তাঁকে স্বাগত জানাল। মুক্তধারা সাহিত্য পুরস্কার হাতে নিয়ে তাঁর সৃজনশীল জীবন সায়াহ্নে আলোকিত এক নারী অভিভূত দৃষ্টিতে তাকিয়ে রইলেন। তারপর মুক্তধারা এবং উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে বেশ অনেকটা সময় সবার মাঝেই বসে ছিলেন। তারপর বিদায় জানিয়ে ধীর পায়ে হেঁটে আনন্দমুখর হল থেকে বেরিয়ে গেলেন। ওটাই ছিল দিলারা আপার জনসমক্ষে শেষ উপস্থিতি। তাঁর প্রিয় বইমেলা থেকেই তিনি জনসমক্ষ থেকে বিদায় নিলেন। এরপর কোভিড শুরু হলো

এরপর ৫৩ পৃষ্ঠায়



# বইমেলায় বিতর্কের বেড়ে ওঠার গল্প



বিরূপাক্ষ পাল

মানুষের জীবনে নববর্ষ, পৌষমেলা বা বসন্ত উৎসব যেমন ঋতুগত অনুভূতি সৃষ্টি করে, নিউ ইয়র্ক বইমেলাও তেমনি এক অনুভূতির সান্নিধ্য ঘটায় প্রবাসী বাঙালির মনে। মে মাসের তৃতীয় সপ্তাহে মেমোরিয়াল ডে'র ছুটিকে জড়িয়ে এই মেলা হয়ে থাকে। তখন বসন্তের আবেশ থাকে প্রকৃতিতে। আরামদায়ক গ্রীষ্মের মৃদু উষ্ণতা প্রথম পরশ প্রদান করে। পরিবেশ থাকে মধুর।

জ্যামাইকার মাইগ্রেন্ট রিসোর্স সেন্টারের আঙিনায় জমে ওঠে বইমেলা, হৈচৈ, মেলামেশা, ছবি তোলা কিংবা স্মৃতির বাতায়নে পুরানো বন্ধুদের আমোদপূর্ণ সম্মিলন। অনেকগুলো বইয়ের দোকান থাকে চার পাশের বেষ্টনীজুড়ে। একপাশে ঢাক-ঢোল থেকে শুরু কুটির শিল্পের নানা সামগ্রী। অন্যপাশে ফুচকা, সিঙ্গারা, জিলাপি, ছোলা, চা তথা বাঙালির ইত্যাকার মুখরোচক দ্রব্যাদির সমাহারে খাবার দোকানের পশরা। থোকে থোকে চলে নানা আড্ডা আর হাসিমুখের কুশল বিনিময়। স্মার্টফোনে ছবি তোলা বা ভিডিও করার হিড়িক লেগেই থাকে। এ সব মিলিয়ে বইমেলা আমেরিকা প্রবাসী বাঙালির এক প্রাণের মিলনাঙ্গন। প্রবাসে সংস্কৃতির মহোৎসব।



২০১৫ সালে আমি কেন্দ্রীয় ব্যাংকে প্রধান অর্থনীতিবিদের দায়িত্ব নিয়ে বাংলাদেশে যাই। সেবার প্রথম এই বইমেলার অন্যতম সংগঠক ও নিউ ইয়র্ক মুক্তধারার কর্ণধার বিশ্বজিত সাহা ঢাকায় আমার সঙ্গে দেখা করেন। তিনি বইমেলায় অন্যদের সঙ্গে আমাকেও একজন অতিথি হয়ে যোগ দিতে আমন্ত্রণ জানান। তখন নিউ ইয়র্কে অন্য আরেকটি সেমিনারে আমার যোগ দেওয়ার কথা ছিল। সময় মিলে যাওয়ায় আমি সেবারই প্রথম বইমেলায় যুক্ত হওয়ার সৌভাগ্য লাভ করেছি। তবে শুধু উদ্বোধনী অনুষ্ঠানে থাকতে পেরেছিলাম। বাঙালির নৃত্যগীতি সম্বলিত একটি শোভাযাত্রাও দেখে আনন্দিত হয়েছিলাম।

এরপর দীর্ঘ সময় কেটে গিয়েছে। দূর থেকে শুনেছি বইমেলা হচ্ছে। কিন্তু সেভাবে অন্তর্ভুক্ত হওয়ার সুযোগ হয়নি। ২০২২ সালে আয়োজকদের কাছ থেকে ডাক পাই কোনো একটা অনুষ্ঠানে এককভাবে বিতর্কের ওপর কিছু বলতে। বাংলাদেশে বিতর্কের কর্মশালায়

এরপর ৩৯ পৃষ্ঠায়

# বই-প্রেমিদের উৎসবে মুখরিত হোক নিউইয়র্কের বইমেলা



ম. আমিনুল হক চুন্নু

উৎসবে মুখরিত নিউইয়র্ক, উৎসবে মুখরিত নিউইয়র্কের বাঙালিরা। ঈদ এবং নববর্ষ উৎসবের আমেজ কাটতে না কাটতেই এই নগরীতে শুরু হতে যাচ্ছে ৩৫তম নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা। আবহাওয়া মনোরম হওয়ার সাথে সাথে শহরে নানা উৎসব আনন্দে ও বর্ণিল সাজে সাজতে শুরু করেছে। শুধু বাঙালিরাই নয়, নানা সম্প্রদায়ের নানা অনুষ্ঠানে নিউইয়র্ক এখন মুখরিত।



কথায় আছে, বাঙালির বারো মাসে তেরো পার্বণ। অর্থাৎ বছরজুড়ে উৎসব লেগেই থাকে। এই উৎসব উদযাপনের মধ্য দিয়ে বাংলাদেশিরা নিজেদের এক উজ্জ্বল ভাবমূর্তি তুলে ধরেছে এই প্রবাসে। বাংলা নববর্ষে ম্যানহাটনের টাইম স্কয়ারকে দখলে নিয়েছে বাংলাদেশিরা। সারাদিন নানান সাংস্কৃতিক পরিবেশনায় মুখরিত হচ্ছে নিউইয়র্কের এই প্রাণকেন্দ্রটি। এখানেই প্রতিবছর ৩১ ডিসেম্বর রাতে বিপুল সংখ্যক মানুষের উপস্থিতিতে অনুষ্ঠিত হয় নতুন বছরকে স্বাগত জানিয়ে ঐতিহ্যবাহী বল ড্রপিং। বিশ্বের মানুষের বহুল পরিচিত এই স্থানটিতে এখন প্রতি পহেলা বৈশাখে অনুষ্ঠিত হয় বাংলা বর্ষ বরণের অনুষ্ঠান। নিউইয়র্কের বাঙালি অধ্যুষিত প্রতিটি এলাকাতেই বিভিন্ন সংগঠন ব্যাপক আয়োজনে উদযাপন করে চলছে নববর্ষ উৎসব।

স্বাগত জানাই এই উৎসবকে। আমরা চাই আনন্দ, হাসি, গানে ভরে উঠুক বিশ্ব। শান্তির ছায়া তলে আনন্দময় হোক মানুষের জীবন। আমরা যখন ঈদ ও নববর্ষ উদযাপনের মধ্য দিয়ে আনন্দমুখর সময় অতিবাহিত করছি, তখন এক অশুভ দুর্ভাবনায় শঙ্কিত হয়ে উঠেছে সারা বিশ্ব। এ দুর্ভাবনা এক সম্ভাব্য যুদ্ধ নিয়ে, আরো ধ্বংস, আরো হত্যার আশঙ্কা নিয়ে মানুষের সব আনন্দ ম্লান হয়ে যাচ্ছে শক্তিমান দেশগুলোর রণ উন্মাদনায়। এই অস্থির পরিস্থিতিতে উৎকণ্ঠিত শান্তিকামি মানুষ। এ উৎকণ্ঠা আমাদেরও। আমরা যুদ্ধ চাই না, শান্তি চাই। আমরা চাই, অবরুদ্ধ ইউক্রেন, ইরান, ফিলিস্তিন ও গাজাবাসীর জীবনে আনন্দ আসুক।

তবে সু-দিনের চেয়েও দুর্দিনে আমরা প্রবাসীরা যেন আরো বেশি একাত্ম হয়ে একে অপরের পাশে দাঁড়াই। একজনের সুখে দশজন কাতর হই। সেই সুখের মধ্যেও শক্তি

এরপর ৩৬ পৃষ্ঠায়


www.nyboimela.org
বইমেলার ৩৫ বছর
যত বই তত প্রাণ
নিউ ইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা ২০২৬
NEW YORK INTERNATIONAL BANGLA BOOK FAIR 2026
•২২ মে, ২০২৬
বিকেল ৬টা থেকে রাত ১১টা
•২৩-২৫ মে, ২০২৬
সকাল ১১টা থেকে রাত ১১টা
স্থান Jamaica Performing Arts Center (JPAC)
153-10 Jamaica Ave, Jamaica, NY 11432
[ Take the E Train to Jamaica Center- Persons/Archer Ave station, and exit via 153rd Street & Archer Ave ]
শ্রদ্ধাঞ্জলি
জন্মশতবর্ষ
শামসুদ্দীন আবুল কালাম
মহাশ্বেতা দেবী
উদ্বোধক
ইমদাদুল হক মিলন
প্রধান অতিথি
অধ্যাপক রেহমান সোবহান
বিশেষ অতিথি
বব হোলম্যান
সুবোধ সরকার
ফারুক মঈনউদ্দীন
দীপেন ভট্টাচার্য
তৌফিক ইমরোজ খালিদী
সাদাত হোসাইন
সম্মানিত অতিথি
অধ্যাপক ড. রওনক জাহান
ফরিদুর রেজা সাগর
আমন্ত্রিত শিল্পী
অদিতি মহসিন
আমন্ত্রিত লেখক
ড. আবদুন নূর ॥ অধ্যাপক মোস্তফা সারওয়ার
গৌতম দত্ত ॥ কৌশিক সেন ॥ অধ্যাপক বিরূপাক্ষ পাল
নজরুল মিন্টো ॥ অধ্যাপক সৌরভ সিকদার ॥ রুমা মোদক
জাফর আহমদ রাশেদ ॥ মোকারম হোসেন
অধ্যাপক শামীম রেজা ॥ রুদ্র শংকর ॥ ফারুক আহমেদ
আশিক মুস্তফা ॥ পারমিতা হিম
আমন্ত্রণে
ড. নজরুল ইসলাম
আহ্বায়ক, ৩৫তম নিউ ইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা
অধ্যাপক জিয়াউদ্দিন আহমেদ
চেয়ারপারসন
মুক্তধারা ফাউন্ডেশন
বাংলাদেশ, পশ্চিমবঙ্গ ও যুক্তরাষ্ট্রের ২৫টি প্রকাশনা সংস্থার অংশগ্রহণ
অঙ্কুর প্রকাশনী ॥ অন্বয় প্রকাশ ॥ অন্য প্রকাশন ॥ অনন্যা ॥ আহমদ পাবলিশিং হাউস ॥ ইত্যাদি গ্রন্থ প্রকাশ ॥ ইউনিভার্সিটি প্রেস লিমিটেড ॥ কথাপ্রকাশ
কাকলী প্রকাশনী ॥ কাশবন প্রকাশন ॥ কবি প্রকাশনী ॥ গ্রন্থকুটির ॥ জলধি ॥ নালন্দা ॥ প্রথমা প্রকাশন ॥ বেঙ্গল বুকস ॥ বাতিঘর ॥ বিদ্যাপ্রকাশ
মাওলা ব্রাদার্স ॥ সময় প্রকাশন ॥ সম্পর্ক পাবলিশার্স ॥ সাহিত্যম ॥ ইসলাম ইন্টারন্যাশনাল পাবলিকেশন ॥ পিজ্জা এন্ড পোয়েট্রি ॥ মুক্তধারা নিউ ইয়র্ক
আয়োজক
মুক্তধারা ফাউন্ডেশন
Muktadhara Foundation
www.nyboimela.org
Email: nyboimela@gmail.com
Media Partner CHANNEL i
Principal Patrons
Dr. Ziauddin Ahmed
Dr. Fatema Ahmed
Asabur Rahman Sabu
Mita Rahman
ফোন
1 (347) 735-0405, 1 (610) 203-9695
1 (347) 235-3837, 1 (646) 255-2397
1 (646) 323-3223, 1 (347) 656-5106
• শিশু কিশোরদের জন্য
1 (347) 864-1218



আপনার ঘর বা ব্যবসার জন্য
সিকিউরিটি ক্যামেরা ও ভিডিও ডোরবেল দরকার?

- রেসিডেনসিয়াল ও বিজনেসের জন্য ইনডোর ও আউটডোর ইনস্টলেশন।
- প্রফেশনাল সার্ভিস ।

বিস্তারিত জানতে যোগাযোগ করুন
929-365-1935




## এনসিপির সেমিনারে 'গণঅভ্যুত্থানত্তোর বাংলাদেশ' শীর্ষক আলোচনা

৩ পৃষ্ঠার পর

রাজনৈতিক পরিবর্তনের ঘটনা নয়, এটি দীর্ঘদিনের বঞ্চনা, বৈষম্য ও অন্যায়ের বিরুদ্ধে জনগণের সম্মিলিত প্রতিরোধের বহিঃপ্রকাশ। তাই একটি দায়িত্বকরের গণতান্ত্রিক, মানবিক ও জবাবদিহিমূলক রাষ্ট্র গঠনই এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ।

আলোচনায় উঠে আসে, শুধু সরকার বা মুখ পরিবর্তন হলেই রাষ্ট্র বদলায় না। বছরের পর বছর দলীয়করণ, দুর্নীতি ও ক্ষমতার দম্ভের ওপর দাঁড়িয়ে থাকা প্রশাসনিক কাঠামো এখনো বহাল রয়েছে। জনগণ নতুন বাংলাদেশের স্বপ্নে রক্ত দিলেও রাষ্ট্রযন্ত্রের ভেতরে মৌলিক পরিবর্তনের সাহস এখনো দেখা যাচ্ছে না। কারণ পুরোনো কাঠামো ভেঙে গেলে সুবিধাভোগীদের স্বার্থ ও নিয়ন্ত্রণ হুমকির মুখে পড়ে। তবুও আশা আছে। সামাজিক সম্প্রীতি, সাংস্কৃতিক মুক্তচিন্তা এবং ন্যায়ভিত্তিক রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠা করতে পারলেই একটি নতুন বাংলাদেশের স্বপ্ন বাস্তবায়ন সম্ভব। এমন একটি বাংলাদেশ, যেখানে নাগরিকের মর্যাদা, মত প্রকাশের স্বাধীনতা এবং জনগণের প্রকৃত ক্ষমতা নিশ্চিত হবে।

এই সেমিনারে স্পীকার ছিলেন মির্জা গালিব, রওশন হক,আহমুদ হায়দার ও নাজনীন নাহার সুলতানা। স্পেশাল গেষ্ট হিসেবে আলোচনায় অংশ নেন মা, ওয়াহেদ এ খান, আনোয়ার হোসাইন মঞ্জু, কাজি জহিরুল ইসলাম, সৈয়দ আল আমীন রাসেল, ঈমাম চৌধুরী, তৌফিক চৌধুরী ও মুনা মাহমুদা।

## আটলান্টিক সিটিতে 'ঈদ বাজার' অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

অ্যাসোসিয়েশন অব সাউথ জার্সির সভাপতি জহিরুল ইসলাম বাবুল বলেন, প্রবাসী বাংলাদেশিদের বিদেশের মাটিতে দেশের ঈদের আমেজের ছোঁয়া দিতেই এ প্রয়াস। অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক জাকিরুল ইসলাম খোকা জানান, প্রবাসীদের কাছ থেকে তাঁরা এ ঈদ বাজারে যে সাড়া পেয়েছেন, তা ভবিষ্যতে আরও বড় পরিসরে ঈদ বাজার আয়োজনের অনুপ্রেরণা জোগাচ্ছে।



বিভিন্ন শহর থেকে ঈদ বাজারে আসা প্রবাসী বাংলাদেশিরা জানান, দেশি ও বিদেশি আধুনিক পোশাক এবং গয়না পেয়ে তারা খুবই আনন্দিত। বিদেশের মাটিতে এমন সুন্দর আয়োজনের জন্য তারা আয়োজকদের ধন্যবাদ জানান।

ঈদ বাজার আয়োজক কমিটির আহ্বায়ক রফিকুল ইসলাম, সদস্য সচিব জাকির হোসেন, প্রধান সমন্বয়ক মাহবুব শাহ ও প্রধান পৃষ্ঠপোষক রওশনউদ্দিনের ঐকান্তিক প্রচেষ্টায় উৎসবমুখর পরিবেশে "ঈদ বাজার" সম্পন্ন হয়।

## গভর্নরস আইল্যান্ডের নলান পার্কে সম্মিলিত চিত্র প্রদর্শনী শনিবার

৩ পৃষ্ঠার পর

(মুক্ত আর্ট গ্যালারি হিসেবে বিশ্বের পর্যটকদের কাছে পরিচিত)। বাংলাদেশি আমেরিকান আর্টিস্ট ফোরামের কার্যক্রম প্রশংসিত হওয়ার ফলে, তাদের (আর্টিস্ট ফোরামের) শিল্পকর্ম ও প্রাসঙ্গিক বিষয়ের বিভিন্নরকম সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করার জন্য স্থান প্রদান করা হয়েছে।

যুক্তরাষ্ট্রের মূলধারায় বাংলাদেশি আমেরিকান আর্টিস্ট ফোরামের দীর্ঘদিন ধরে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। নিউইয়র্কসহ উত্তর আমেরিকার সকল বাঙালি শিল্পরসিকদের জন্য আর্টিস্ট ফোরাম- এই আয়োজন বাংলা সংস্কৃতির চেতনা-জাগানিয়া উজ্জ্বলতম প্রয়াস।

## আশরাফ সভাপতি তারেক সম্পাদক

৩ পৃষ্ঠার পর

যুক্ত থেকে বলে সংগঠনের পক্ষ থেকে জানানো হয়েছে।

জামালপুর জেলা সমিতি নর্থ আমেরিকার কার্যকরি নতুন কমিটির সদস্যরা হলেন- সভাপতি মোহাম্মদ আশরাফ হোসেন, সহ সভাপতি জেলাল আহমেদ, মোহাম্মদ মাইদুল ইসলাম (মুন্না), খন্দকার সালমান, সিদ্দিক আকবর বিদ্যুৎ ও মোহাম্মদ জাফের আলী, সাধারণ সম্পাদক মোহাম্মদ তারেক খান, সহ সাধারণ সম্পাদক মোহাম্মদ আজিজুর রহমান, মোহাম্মদ নুরুল ইসলাম ও সাইফ আলী, সাংগঠনিক সম্পাদক শাকিল মাহমুদ, কোষাধ্যক্ষ মোহাম্মদ সাইদুল ইসলাম, আপ্যায়ন সম্পাদক মোহাম্মদ হক জনি, প্রচার সম্পাদক মোহাম্মদ মনিরুজ্জামান মনির, ক্রীড়া সম্পাদক মাহিদ জিয়ান, সাংস্কৃতিক সম্পাদক শাকিলা রুনা, সমাজকল্যাণ সম্পাদক মোহাম্মদ হাফেজুর রহমান, দপ্তর সম্পাদক লুৎফর রহমান লিমন, মহিলা সম্পাদক মনোয়ারা বেগম এবং কার্যকরী সদস্য যথাক্রমে মোহাম্মদ নাজমুল হক, খন্দকার আবু হুরান, মোহাম্মদ নাসির ইকবাল, আহমদ রেজা খান (পিপলু), মোহাম্মদ আতিকুল্লাহ আতিক, মোহাম্মদ এনামুল ইসলাম খান বিপ্লব, মোখলেছুর রহমান (মেশকিন), মোহাম্মদ মশিউর রহমান (সোহেল), সৈয়দ আহমেদ (বাবলা), মেহেদী হাসান মনু, মোহাম্মদ ফায়েজুর রহমান জুয়েল, শাহমুনুল হাসান (মানিক), শরিফুর রাজী (মনজু), মোশারফ হোসেন খান, জাহিদুল ইসলাম, মোহাম্মদ আমিনুল ইসলাম ও বাবলী সোম।

## নিউইয়র্ক বইমেলা নিয়ে রামেন্দু মজুমদারের আনন্দময় স্মৃতি

১২ পৃষ্ঠার পর

জায়গায় আসতে পেরেছে। মুক্তধারা ও মুক্তচিন্তা হাসান ফেরদৌস সবসময়েই তার পাশে থেকে শক্তি যুগিয়েছে। সাংবাদিক মিনি ওয়াহেদ ও তার গুণী কন্যা সাংস্কৃতিক দিকটা সামলেছে।

খুবই ইচ্ছা করে আবার এই বইমেলায় যোগ দিই। কিন্তু এখন ৮৪ বছরের প্রান্তে দাঁড়িয়ে মনে হয়- এ জীবনে আর সে সাধ মিটবে না। কিন্তু নিউ ইয়র্ক বইমেলার আনন্দময় স্মৃতি বয়ে বেড়াতো আমৃত্যু। নিউ ইয়র্ক বইমেলার জয় হোক।


এস্টোরিয়ায় বাংলাদেশী মালিকানাধীন বিশ্বস্থ অটো রিপেয়ার শপ

Open 24 Hours

Body Work
Computerized wheel Alignment
Complete Mechanical Work
Rebuild Transmission
Tires & Wheel Balancing
N.Y.S. Inspection
Low Price & Fully Guaranteed

United
Auto Repair & Body Shop, Inc.
Contact: Azam Tel: 718-786-6677
Cell: 917-567-3637, Email: unitedautony@gmail.com

- ১০০% গ্যারান্টি সহ যাবতীয় রিপেয়ার
- দক্ষ মেকানিকের দ্বারা ত্রুটি নির্ণয়
- সুলভ মূল্যে ফুল অটো রিপেয়ার
- নতুন ও রিবিল্ড ট্রান্সমিশন স্থাপন




ইউনাইটেড অটো রিপেয়ার
ইয়েলো ক্যাব, লিমোজিন ও লিভারীর জন্য বিশেষ ছাড়
38-06 31st Street (Betn. 38th & 39th Ave.), Astoria, NY 11101


ZILLUR TAX ACCOUNTING
& INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
☐ Personal Tax Filing
☐ Business Tax Filing
☐ New Business Setup
☐ Home & Business Insurance
☐ Immigration Services
☐ ITIN Number Application
☐ Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY
OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA
CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF
SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ
GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208


জামালপুর জেলা সমিতি অব নর্থ আমেরিকা ইনক্
Jamalpur Zilla Samity of North America INC.
যুক্তরাষ্ট্রে বসবাসরত প্রিয় জামালপুরবাসী, আসসালামু আলাইকুম।
জামালপুর জেলা সমিতি অব নর্থ আমেরিকা ইনক্ এর ২০২৬-২০২৮ অর্থবছরের পূর্ণাঙ্গ কমিটির তালিকা আপনাদের সদয় অবগতির জন্য প্রকাশ করা হলো।
অভিষেক অনুষ্ঠান ২০২৬
মোঃ আশরাফ হোসেন
সভাপতি
মোঃ তারেক খান
সাধারণ সম্পাদক
বেলাল আহমেদ
সহ-সভাপতি
মোঃ মাইনুল ইসলাম (মুনু)
সহ-সভাপতি
খন্দকার সালমান
সহ-সভাপতি
সিদ্দীক আকবর বিদ্যুৎ
সহ-সভাপতি
মোঃ জাহের আলী
সহ-সভাপতি
মোঃ আজিজুর রহমান
সহ- সাধারণ সম্পাদক
মোঃ নূরল ইসলাম
সহ- সাধারণ সম্পাদক
সাইফ আলী
সহ- সাধারণ সম্পাদক
শাকিল মাহমুদ
সাংগঠনিক সম্পাদক
মোঃ সাইফুল ইসলাম
কোষাধ্যক্ষ
মোঃ হক জনি
আপ্যায়ন সম্পাদক
মোঃ মনিরুজ্জামান মনির
প্রচার সম্পাদক
মাহিদ জিয়ান
ক্রীড়া সম্পাদক
শাকিলা রুনা
সাংস্কৃতিক সম্পাদক
মোঃ ছায়েদুর রহমান
সমাজ কল্যান সম্পাদক
লুৎফর রহমান লিমন
দপ্তর সম্পাদক
মনোয়ারা বেগম
মহিলা সম্পাদক
মোঃ নাজমুল হক
কার্যকরি সদস্য
খন্দকার আবু মুরাদ
কার্যকরি সদস্য
মোঃ নাসির ইকবাল
কার্যকরি সদস্য
আহমদ রেজা খান (পিপলু)
কার্যকরি সদস্য
মোঃ আতিকুল্লাহ আতিক
কার্যকরি সদস্য
কার্যকরি সদস্য
কার্যকরি সদস্য
কার্যকরি সদস্য
সৈয়দ আহমেদ (বাবলা)
কার্যকরি সদস্য
মেহেদী হাসান মুন
কার্যকরি সদস্য
কার্যকরি সদস্য
মাহমুদুল হাসান (মানিক)
কার্যকরি সদস্য
শরিফুর রাজী (মনজু)
কার্যকরি সদস্য
মোশারফ হোসেন খান
কার্যকরি সদস্য
জাহিদুল ইসলাম
কার্যকরি সদস্য
মোঃ আমিনুল ইসলাম
কার্যকরি সদস্য
বাবলী সোম
কার্যকরি সদস্য

# প্রবাসী বরিশাল বিভাগীয় কল্যাণ সমিতি ইউএসএ, ইন্‌ক
## PROBASHI BARISAL DIVISIONAL WELFARE ASSOCIATION USA, INC.

আকর্ষনীয় র‍্যাফেল ড্র, খেলাধুলা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান

# বার্ষিক বনভোজন ২০২৬



**Place : Hempstead Lake State Park**
**Site: Philip Scott Pavilion**
**Eagle Avenue, West Hempstead, NY 11552**

**তারিখ ঃ**
**২৮ জুন ২০২৬, রবিবার**
**সকাল ৮ টা-সন্ধ্যা ৬ টা পর্যন্ত**

সম্মানিত সদস্যবৃন্দ এবং অতিথিবৃন্দ,
আসছে ২৮ জুন, ২০২৬, রোজ রবিবার প্রবাসী বরিশাল বিভাগীয় কল্যাণ সমিতি ইউএসএ ইন্‌ক এর উদ্যোগে লং আইল্যান্ড এর হ্যামস্টেট স্টেট পার্কে বার্ষিক বনভোজন ও প্রবাসী বরিশাল বিভাগবাসীদের এক মিলনমেলার আয়োজন করা হয়েছে। উক্ত বনভোজনে আপনি এবং আপনারা সপরিবারে আমন্ত্রিত।

**রেজিস্ট্রেশন ফিঃ**
**পরিবার: ১২৫ ডলার**
**একক: ৫০ ডলার**

অর্থ সম্পাদকঃ মোঃ সাইদুর রহমান
(৯১৪) ৩০৩-৮৬৪২

আমন্ত্রণে
## বনভোজন উদ্‌যাপন কমিটি



**আবু তালেব মাতুব্বর**
আহ্বায়ক
917-853-9683



**মোঃ মশিউর রহমান**
সদস্য সচিব
347-553-1465

**যুগ্ম আহ্বায়ক:**
মাসুদ হোসেন
মোঃ আল আমিন
মোঃ বেলায়েত হোসেন

**সমন্বয়কারী:**
মোহাম্মদ শাহ আলম (917) 514-9993
মোশাররফ হোসেন সবুজ (646) 684-9688
রুহুল আমিন নাসির (347) 484-0598

**যুগ্ম সদস্য সচিব:**
ফারদিন রেজা রনি
মোঃ হুমায়ুন কবির
মোসাঃ বকুল আলী




**সদস্য:**
ডাঃ সোহেল পারভেজ, মোঃ কামরুল ইসলাম, মনির হোসেন, প্রদীপ বিশ্বাস, শহিদুজ্জামান মিজান, মোঃ রুবেল গাজী, মোঃ রাশেদ মিলন, মোঃ ওবাইদুল হক, অহিদুজ্জামান আসলাম, মোঃ ডালিম সিকদার, মোঃ শাহজাহান মৃধা ও মোঃ আকতারুজ্জামান।

**সাংস্কৃতিক আয়োজনে:** শামিমা আলম মুন্নী, **সহযোগিতায়:** ইশরাত জাহান লাভলী
**ক্রীড়া সঞ্চালনায়:** লিয়াকত খান, ফারদীন রেজা রনি, মোঃ মাহাবুব, অহিদুজ্জামান নিলু

**সার্বিক তত্ত্বাবধানে**
একে আজাদ তালুকদার (প্রধান উপদেষ্টা), এমডি নুরুল আলম খান (প্রতিষ্ঠাতা সভাপতি), শাহ জামান, নাজমা বেগম (লিলি), আলহাজ্ব রেজাউল করিম, শেখ ইলিয়াস হাবিব, মঈণ আহম্মেদ বাচ্চু, লিয়াকত খান, শামিমা আলম মুন্নী, মোঃ আকতারুর রহমান মামুন, এস ইসলাম মামুন।



সাংস্কৃতিক পর্বে
দেশ ও প্রবাসের জনপ্রিয়
শিল্পী রোকসানা মির্জা ও
তানভীর শাহিন
সঙ্গীত পরিবেশন করবেন।

**সার্বিক সহযোগিতায়:**
মোঃ জাকির হোসেন লিটন, মোঃ আশিক মাহমুদ, মোঃ মহসিন, মোঃ মিজান হাওলাদার, মোঃ তোফাজ্জেল হোসেন, মোঃ শাহ জামান, মোঃ মনিরুল ইসলাম, হেদায়েতুল ইসলাম খোকন, মোঃ মাসুম মাতব্বর, মোঃ আব্দুল হাই, মোঃ নাহিদ, পনির হোসেন, সরোয়ার মৃধা,

স্মরণিকা সম্পাদনায়:
আবু জাফর আকন
সহযোগিতায়:
এ্যাড. রেজবুল কবির



**রফিকুল ইসলাম জিয়া**
সভাপতি
646-262-7951



**মাযহারুল ইসলাম মিরন**
সাধারণ সম্পাদক
585-708-6022

প্রচার ও প্রকাশনা সম্পাদক: জান্নাত সৈকত কর্তৃক প্রচারিত




KARNAFULLY
TRAVEL INC.

# এক্সক্লুসিভ ওমরাহ প্যাকেজ
## নভেম্বর ২০২৬

**ভ্রমণ তারিখ**

| জেএফকে - জেদ্দা | মদিনা - জেএফকে | মোট দিন |
|---|---|---|
| ৪ নভেম্বর | ১৪ নভেম্বর | ৯ দিন (২টি জুম্মা - মক্কা ও মদিনায়) |

**প্যাকেজে অন্তর্ভুক্ত:**

- বিমান টিকিট (যাতায়াত)
- ভিসা
- ৫-তারকা হোটেল হারাম শরীফের কাছে (ক্লক টাওয়ারে) ভিআইপি নাস্তার ব্যবস্থা।
- লাক্সারি বাসে সম্পূর্ণ স্থল পরিবহন (বিমানবন্দর থেকে বিমানবন্দর)
- গাইডের সাথে উমরাহ পালন
- মক্কা ও মদিনার ঐতিহাসিক ও ধর্মীয় স্থান ভ্রমণ (গাইড সহ)।
- মক্কা তায়েফ এবং মদিনা ওয়াদি-ই-জ্বিন অতিরিক্ত ভ্রমণ।
- মহিলাদের জন্য আলাদা মহিলা গাইডের সুব্যবস্থা আছে।
- রাওদার পারমিট পেতে সহায়তা করা হয়।

প্রতি রুমে ৪ জন

**KARNAFULLY TRAVEL INC.**
37-16 73rd St. Suite #201 FR, Jackson Heights, NY 11372
facebook Karnafully Hajj & Umrah service
Office : 718-205-6050
Celll & WhatsUp : 917 691 7721
Celll & WhatsUp : 646 724 5933 (MINU)
karnafullytravel@yahoo.com | www.karnafullytravel.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

# 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সূযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সূযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সূযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সূযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of

FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA

POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**

Franchise & Business Consulting Firm

37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১

সপ্তাহে ৭ দিনই খোলা



# রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

## আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন? আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।



আমরা Binghamton এ কাজ করে থাকি

**আমাদের কাজসমূহ:**

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার পাম্বিলিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free ইস্টিমেট করা হয়ে থাকে

**যোগাযোগ:**

**WOVENA CONSTRUCTION INC**

172-11, 93 Ave, Jamaica, NY 114333

**Phone: 347-822-9052, 716-828-6677**

wovenatexusa@gmail.com

# 8 Billion Dollar Casino at Citi Field Queens

Ajkal Desk



Steve Cohen's New York Mets are off to a slow start this season – and so is his $8 billion casino project, which is already more than five months behind schedule.

Metropolitan Park, the casino and entertainment complex backed by Cohen and Hard Rock, is running around five and a half months behind schedule before construction has even begun, according to a construction timeline its developers submitted to the New York State Gaming Commission last year.

The project's backers expected on Jan. 1 to begin testing the foundation of the parking lot that will one day sit beneath the 3.7-million-square-foot development. But the construction work, known as test piling, had yet to begin as of mid-May.

With the hold up in the test piling, construction of the casino, which was expected to begin on April 1, is also delayed.

But while major construction work has yet to begin, workers at the site haven't been completely idle. Pre-construction work, which includes breaking up some existing curbs, clearing Citi Field's parking lot, identifying utilities underground, fencing off the site, and obtaining permits and contracts, began earlier this year and is mostly complete, according to Karl Rickett, Metropolitan Park's spokesperson.

According to Rickett, the early delays will not affect the developers' plan to open the casino and entertainment hub by 2030. While the spokesperson did not identify what month construction of the casino is expected to be completed, documents submitted to the Gaming Commission say the construction of the casino, a food hall, open space areas, and improvements to the Mets-Willets Point 7 train station will conclude by June 1, 2030. A pair of parking garages that developers planned to begin test piling for in January and begin construction of on April 1 are expected to be completed by November 2027 and April 2028, respectively, according to Gaming Commission documents. Test piling on one of those garages recently began.

"Metropolitan Park is well underway," Rickett said in a statement.

"As one of the largest, multi-year construction projects in the city, the team has completed significant pre-construction work and is on track to open in 2030," he added. "Throughout this process we have kept the Queens community and Mets fans at the center of every decision to minimize impact every step of the way." Rickett did not explain the reason for the construction delays.

